আলমডাঙ্গায় অভ্যন্তরীণ বোরো সংগ্রহের শুভ উদ্বোধন

আলমডাঙ্গায় অভ্যন্তরীণ বোরো সংগ্রহ /২০২৩’র শুভ উদ্বোধন করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক আব্দুল হামিদ বিশ্বাস, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হক খাদ্য গুদামের ভারপ্রাপ্ত কর্মকর্তা লিটন কুমার বিশ্বাস, মিল-চাতাল মালিক সমিতির সভাপতি আশরাফুল হক, সাধারণ সম্পাদক তোফাজ্জেল হোসেন, সাংগঠনিক সম্পাদক জয়নাল ক্যাপ, বিশিষ্ট মিল-চাতাল ব্যবসায়ী পিন্টু মিয়া প্রমুখ।

প্রধান অতিথি রনি আলম নূর বলেন, আমরা সবাই জানি, এখানে যে চালগুলো সংগ্রহ করা হচ্ছে এগুলো সরকার তৃণমুল বা গরীব মানুষের মধ্যে পৌছে দেয়। এই চাল বা ধান গুলো যারা দেবেন তারা অবশ্যই দেখে দিবেন এবং যারা কর্মকর্তা আছেন আপনারাও দেখে নিবেন যাতে মান সম্মত চাল বা ধান হয়। আর যারা ব্যবসায়ী বা মিল মালিক আছেন তারাও নির্ধারিত সময়ের মধ্যে সরবরাহ করবেন।

উল্লেখ্য এ মৌসুমে ১ হাজার ৪শ’ মেট্র্রিক টন চাল ক্রয় করা হবে। চালের সরকারী মূল্য নির্ধারণ করা হয়েছে ৪৪ টাকা, মোট ২১ জন মিল-চাতাল মালিক এ চাল সরবরাহ করবেন। এ ছাড়াও ৯শ’ ৪৫ মেট্রিক টন ধান ক্রয় করা হবে।

দর্শনা প্রেসক্লাবে চেয়ারম্যান বাবু ও পৌর মেয়র হাবুকে ফুলেল

শুভেচ্ছা ও স্মারক প্রদান

চুয়াডাঙ্গার দর্শনায় প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির আয়োজনে দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলী মুনসুর বাবু ও দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবুকে ফুলেল শুভেচ্ছা, স্মারক প্রদান এবং মতবিনিময় অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৫ টার দিকে দর্শনা প্রেসক্লাব ভবনে এই ফুলেল শুভেচ্ছা, স্মারক প্রদান এবং মতবিনিময় অনুষ্ঠিত হয়।

দর্শনা প্রেস ক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষ থেকে নির্বাচিত জনপ্রতিনিধি হিসাবে তাদেরকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

অনুষ্ঠানে প্রেস ক্লাবের সভাপতি জাহিদুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনসুর বাবু। এসময় তিনি বলেন, সাংবাদিকরা হচ্ছে সমাজের দর্পণ, জাতির বিবেক। সমাজের সকল অন্ধকারের রহস্য উন্মোচন করে আলো বিস্তার করে সাংবাদিকদের সাহসিক লেখনির মাধ্যমে। আবার সেই সাংবাদিকদের সঠিক লেখনির মাধ্যমে আমাদের প্রতিটি ভালো কাজের অনুপ্রেরণা জোগায়।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন দর্শনা পৌরসভার নবনির্বাচিত মেয়র আতিয়ার রহমান হাবু। এসময় তিনি বলেন, সমাজের আলো বিস্তারে সাংবাদিকদের গুরুত্ব অপরিসীম। সেই সাথে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের আহ্বান করেন তিনি। তাই সমাজের সকল ভালো ও কালো তথ্য তুলে ধরতে বিভিন্ন সময়ে সাংবাদিকদের হুমকির মুখে পড়তে হয়। আর সে জন্য সাংবাদিকদের এই সংগঠন মজবুত হওয়াটাও খুবই জরুরী।

স্বাগত বক্তব্য রাখেন, সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল, সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন। প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হানিফ মন্ডলের সঞ্চালনায় অনুষ্ঠানের শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন, প্রেস ক্লাবের কোষাধ্যক্ষ মাসুম বিল্লাহ।

আরও উপস্থিত ছিলেন, সাবেক সভাপতি আওয়াল হোসেন, সাবেক সাধারণ সম্পাদক ওসমান আলী, চঞ্চল মেহমুদ, প্রেসক্লাবের সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দপ্তর সম্পাদক ইমতিয়াজ আহমেদ রয়েল, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক আব্দুর রহমান, তথ্য প্রযুক্তি সম্পাদক আবিদ হাসান রিফাত, ক্রীড়া ও

সাংস্কৃতিক সম্পাদক রাজিব মল্লিক, সাংবাদিক সমিতির যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, দপ্তর সম্পাদক সুকমল চন্দ্র দাস বাঁধন, কোষাধ্যক্ষ আব্দুল হান্নান, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাব্বির আলিম, তথ্য প্রযুক্তি সম্পাদক ওয়াসিম রয়েল, কার্যনির্বাহী সদস্য- ফরহাদ হোসেন।

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযানে আটক-৩

চুয়াডাঙ্গায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অভিযান পরিচালনা করা হয়েছে। গতকাল বৃহস্পতিবার বিকেল সাড়ে তিনটার সময় চুয়াডাঙ্গা সদর উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মোঃ মাজহারুল ইসলাম ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক শরীয়তুল্লাহ ও উপরিদর্শক আকবর হোসেন এবং উপপরিদর্শক সাহারা ইয়াসমিন এর নেতৃত্বে, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর জেলা কার্যালয় হতে চুয়াডাঙ্গা থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে আসামি মো:রাকিব (৩০), পিতা মো:বজলুর রহমান সাং বেলগাছী মুসলিমপাড়া থেকে সদর থানাধীন শান্তিপাড়া ফুল চাদের আম বাগানে মধ্যে হইতে আসামির দেহ তল্লাশি করে ৫০ গ্রাম গাঁজা সহ গ্রেপ্তার করা হয় উক্ত গ্রেফতারকৃত আসামীকে নির্বাহী ম্যাজিস্ট্রেট ০৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করেন।

অপরদিকে বিভাগীয় স্টাফদের সমন্বয়ে চুয়াডাঙ্গা থানাধীন বিভিন্ন এলাকায় অভিযান করে আসামি মোছা: সেলিনা বেগম (২৭) স্বামী মিন্টু শান্তিপাড়া হতে এবং অপর পলাতক আসামি মোছা: শিপ্রা বেগম(৬০) স্বামী: মো: বাবুল সাং: বুজরুক গড়গড়ি বুদ্ধিমান পাড়া চুয়াডাঙ্গা কে সদর থানাধীন শান্তিপাড়া গ্রামস্থ নিজ দখলীয় বসতঘর হইতে ৫০৬ পিচ ইয়াবা ট্যাবলেট ও হিরোইন ০২ গ্রাম এবং ট্যাপেন্ডা ট্যাবলেট ২০ পিচ উদ্ধার করা হয় , উক্ত আসামিদের বিরুদ্ধে চুয়াডাঙ্গা থানায় একটি নিয়মিত মামলা দায়ের প্রক্রিয়া চলছে।

৩ বছর কারাভোগ শেষে ভারতীয় নাগরিককে ফেরত

বাংলাদেশে এক মেয়ের প্রেমের টানে অবৈধ অনুপ্রবেশের দায়ে কুষ্টিয়া কারাগারে কারাভোগ শেষে দর্শনা চেকপোস্ট সীমান্তে বিজিবি-বিএসএফ পতাকা বৈঠকে শেষে ভারতে ফিরলেন আফফান শেখ (২৮) সে ভারতের মুর্শিবাদ জেলার জলংগী থানার সরকার পাড়ার ইসমাইল শেখের ছোট ছেলে।

গতকাল বৃহস্পতিবার বেলা সাড়ে ১২ টার দিকে চুয়াডাঙ্গার দর্শনা আন্তজার্তিক জয়নগর সীমান্তের ৭৬ নং মেইন পিলালের কাছে চেকপোষ্ট দিয়ে তাকে ভারতে ফেরত পাঠানো হয়েছে। পুলিশ ও বিজিবি সুত্রে জানাগেছে ২০১৯ সালের কুষ্টিয়া দৌলৎপুর সীমান্ত দিয়ে অবৈধভাবে কুষ্টিয়ার এক মেয়ের প্রেমের টানে অনুপ্রবেশ করে আফফান শেখ। বাংলাদেশে অবৈধভাবে অনুপ্রবেশের দায়ে বর্ডার গার্ড বিজিবি সদস্যারা তাকে আটক করে। বিজিবি সদস্যারা তাকে মামলা দিয়ে কুষ্টিয়া দৌলতপুর থানায় হস্তান্তর করে। পরে আফাফান শেখকে ৩ মাসের কারাদণ্ড দেয় আদালত।আফফান শেখের কাগজপত্র জটিলতার কারনে তাকে ৩ বছর কারাগারে থাকতে হয়। কারাগারে সাজা ভোগ শেষে দুদেশে হাইকমিশনে কাগজ আদান প্রদানে আইনি প্রক্রিয়া সম্পন্ন হয়।

গতকাল বৃহস্পতিবার দপুরে দর্শনা সীমান্ত দিয়ে নিজ দেশে বিএসএফের কাছে হস্তান্তর করে বিজিবি। ৩ বছর পর বাবাকে দেখতে পেয়ে আবেগে আপ্লুত হয়ে কান্নায় ভেঙ্গে পড়েন আফফান শেখ।

এ সময় পতাকা বৈঠকে উপস্থিত ছিলেন বাংলাদেশের পক্ষে দর্শনা আন্তজার্তিক জয়নগর ইমিগ্রেশন চেকপোষ্টের ইনচার্জ এস আই আবু নাঈম, দর্শনা থানার এস আই স্বপন কুমার সরকার, দর্শনা আইসিপি ক্যাম্প কমান্ডার নায়েব সুবেদার আব্দুল জলিল।

ভারতের পক্ষে উপস্থিত ছিলেন গেদে সহকারি ক্যাম্প কমান্ডার বিএসএফ, ইনচার্জ শ্রী মহেশ, ইমিগ্রেশন ইনচার্জ গোপাল চন্দ্র দে, গেদে কাষ্টমস কর্মকর্তা সুব্রত মন্ডল, কৃষ্ণনগর থানার এস আই সুমন কুমার ঘোষ, কৃষ্ণগন্জ থানার এস আই রতন কুমার, মানবাধিকারকর্মী

চুয়াডাঙ্গায় ছাত্র শিক্ষক ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত

ভিক্টোরিয়া জুবিলি সরকারি উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে আধুনিক শিক্ষা ব্যবস্থায় গড়বো দেশ, শেখ হাসিনার স্মার্ট বাংলাদেশ স্লোগানে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির নতুন কারিকুলাম বাস্তবায়নের লক্ষ্যে ছাত্র, শিক্ষক ও অভিভাবক সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃবিলাল হোসেনর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

আগামীর স্মার্ট বাংলাদেশ বিনিমার্ণে নতুন কারিকুলাম বিস্তরণ এক যুগান্তকারী পদক্ষেপ উল্লেখ করেন বক্তারা। দেশপ্রেমিক ও অসাম্প্রদায়িক চেতনার মানুষ গড়তে ও অভিজ্ঞতার ভিত্তিতে শিখনের এক মাইলফলক এই নতুন কারিকুলাম।এই ধরণের সমাবেশ আরও বেশি বেশি আয়োজন করতে অভিভাবকগণ আহবান করেন। এ সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও প্রধান শিক্ষক সকল অভিভাবককে আরও সচেতনভাবে সন্তানের প্রতি খেয়াল করবেন ও সময়মত বিদ্যালয়ে পাঠাবেন এমন আহবান জানান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সি আবু সাইফ সহ চুয়াডাঙ্গা ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষক ও অভিভাবক বৃন্দ।

দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে ষ্টেশনে ভারতীয় ২০টি রেল ইঞ্জিন আনুষ্ঠানিক ভাবে গ্রহন

চুয়াডাঙ্গা সীমান্তের দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে ষ্টেশনে বাংলাদেশের উপহার ভারতীয় ২০টি রেল ইঞ্জিন আনুষ্ঠানিক ভাবে গ্রহন সম্পূর্ন হয়েছে। এ রেল ইঞ্জিন গ্রহণ উপলক্ষে জাঁকজমক ভাবে সাজানো হয় দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে স্টেশন। রেল ইঞ্জিন গ্রহণ উপলক্ষে উৎসব মূখর হয়ে ওঠে দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে স্টেশন চত্বর।

আজ মঙ্গলবার বিকাল ৫টায় মুশলধারায় বৃষ্টির মধ্যে লোকোমোটেড গুলো ভারতের পশ্চিমবঙ্গের গেদে রেলস্টেশন থেকে দর্শনা রেলস্টেশনে এসে পৌঁছায়। হস্তান্তর উপলক্ষে ভার্চ্যুয়ালী অনুষ্টানে দর্শনা রেলওয়ে স্টেশনে উদ্বোধন করেন ভারতের পক্ষে বক্তব্য রাখেন, রেলওয়ে কমিউনিকেশন, ইলেকট্রনিকস ও ইনফরমেশন টেকনোলজি মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব ও বাংলাদেশের পক্ষে বক্তব্য রাখেন রেলওয়ে মন্ত্রী নুরুল ইসলাম সুজন।

এ সময় রেল মন্ত্রী নৃরুল ইসলাম সুজন বলেন, এ সরকারের উন্নয়ন দেখে বিরোধী দল ষড়যন্ত্র করে যাচ্ছে। ২০২৪ সালের মধ্যে বাংলাদেশে কোন রকম রেলওয়েতে কোন ভোগান্তি থাকবে না। তিনি আরও বলেন ভারত-বাংলাদেশ এ উপহার দেওয়ায় ইতিহাসের পাতায় লেখা থাকবে এবং বাংলাদেশ মনে রাখবে। ২০টি রেলের ইঞ্জিন উপহার দেওয়ায় বাংলাদেশ – ভারতের মধ্যে সু সুম্পর্ক আরও গাড় হলো। এবং বাংলাদেশ আরেকধাপ উন্নয়নের দিকে পা বাড়ালো।

এ সময় ভারতের দিল্লীতে উপস্থিত ছিলেন ভারতে অবস্থানরত বাংলাদেশের রাস্ট্রদুত নুরুল ইসলাম, ঢাকা রেলভবনে উপস্থিত ছিলেন বাংলাদেশে রেলওয়ে সচিব ড.হুমায়ুন কবির। বাংলাদেশ-ভারতের বন্ধুত্বের অংশীদারের স্বাক্ষর হিসেবে ভারত সরকার বাংলাদেশ রেলওয়ে উন্নয়নের জন্য ২০ টি রেল ইঞ্জিন উপহার দেয়।

উপহার স্বরূপ ভারত সরকারের দেওয়া ২০ টি ডিজেল চালিত ট্রেন ইঞ্জিন দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে স্টেশন হতে গ্রহণ করা হয়। এ ইঞ্জিন

গ্রহণকালে ভারত থেকে আগত অতিথিদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

দর্শনা আন্তজার্তিক রেলওয়ে ষ্টেশনের ব্যবস্থাপক জানান, ভারতের দেওয়া উপহার স্বরূপ ২০টি রেলের ডিজেল চালিত ইঞ্জিন দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে স্টেশন হতে আনুষ্টানিক ভাবে গ্রহণ করা হয়। এ গ্রহণ অনুষ্টানে উপস্থিত ছিলেন, রেলওয়ে বোর্ড ইন্ডিয়ার ট্রাফিক ইন্সপেক্টর অশোক কুমার বিশ্বাস, দর্শনা রেলওয়ে ষ্টেশনে ঈশ্বরর্দী লকোমোটিভ বিভাগের সিনিয়র সাব অ্যাসিষ্টেন্ট ইঞ্জিনিয়ার সরেক জামাল এর কাছে বুঝিয়ে দেন। বাংলাদেশ রেলওয়ে ও রেলওয়ে বোর্ড ইন্ডিয়ার উদ্ধর্তন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ইশ্বরর্দী থেকে পরীক্ষা নিরিক্ষা শেষে ইঞ্জিন গুলো পন্য পরিবহনে ব্যবহার করা হবে।

এ আনুষ্টানিক রেল ইঞ্জিন গ্রহন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) চুয়াডাঙ্গা মোঃ নাজমুল হামিদ রেজা, দামুড়দা উপজেলা চেয়ারম্যান আলী মনসুর বাবু,দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক,রেলওয়ে নিরাপত্তা বাহিনী (পাকশী) চিপ কমান্ডেন্ট আশরাফুল ইসলাম,কমান্ডের মোর্শেদ আলম, রেলওয়ে পশ্চিম জোনের চিপ অফ প্রধান যন্ত্র প্রকৌশলী কুদরত ই- খুদা, চিপ অপরেটিং সুপারেনটেনডেন্ট আহসানুল্লাহ ভূঁইয়া, চিপ কমার্শিয়াল ম্যানেজার সুজিত কুমার বিশ্বাস, প্রধান প্রকৌশলী আসাদুল হক, চিপ সিগন্যাল টেলিকমিউনিকেসন মিজানুর রহমান,চিপ কমান্ডেন্ট আসাবুল ইসলাম, প্রধান নির্বাহী রফিকুল ইসলাম, পরিচালক লোকো তসলিম আহমেদ, বিভাগীয় রেলের ব্যবস্থাপক খান শাহ সুফি নুর মোহাম্মদ, দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ প্রমুখ।

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নে

মতবিনিময় সভা

আলমডাঙ্গার ডাউকি ইউনিয়নে সন্ত্রাস, জঙ্গিবাদ, বাল্যবিবাহ, মাদক প্রতিরোধ দুর্নীতি বিরোধী ও আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার ডাউকি ইউনিয়ন পরিষদ চত্বরে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। ডাউকি ইউনিয়ন পরিষদের অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক বলেন, বাংলাদেশের মাটিতে কোনো জঙ্গি-সন্ত্রাসীদের স্থান হবে না। এর সঙ্গে জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। আর যারা তরুণ সমাজকে বিভ্রান্ত করে বিপথে চালিত করছে, তাদের কেউ-ই বিচারের হাত থেকে রেহাই পাবে না। সন্ত্রাস-জঙ্গিবাদ, ইভটিজিং, বাল্যবিবাহ ও মাদকাসক্তের বিরুদ্ধে জনমত সৃষ্টি ও প্রতিরোধ গড়ে তুলতে সকলকেই এগিয়ে আসতে হবে। তিনি বলেন, আইনে বাল্যবিবাহকে অপরাধ হিসেবে গণ্য করা হয়েছে। যেকোনো মূল্যে এটি প্রতিহত করতে হবে। বাল্যবিবাহ একটি মেয়ের বড় হওয়ার পথে সব থেকে বড় বাধা।

ডাউকি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান তরিকুল ইসলামের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর, উপজেলা সহকারি কমিশনার ভূমি রেজওয়ানা নাহিদ, এসআই সঞ্জিত কুমার। ইউপি সচিব জাহাঙ্গীর আলমের উপস্থাপনায় উপস্থিত ইউপি সদস্য মানোয়ার হোসেন, শরিফুল ইসলাম, বদর উদ্দিন, নাভলু রহমান, আনিসুর রহমান, আফাজ উদ্দিন, নাসিমা খাতুন, মাসুদা খাতুন প্রমুখ।

আলমডাঙ্গার গ্রাম্য সালিশে

সাক্ষ্য দেয়ায় বৃদ্ধাকে কুপিয়ে হত্যা

আলমডাঙ্গা উপজেলার খাদিমপুরে ৩’শ বিঘা জমির ভুট্টাক্ষেত সহ পান বোরজে অগ্নিকান্ডের ঘটনায় গ্রাম্য সালিশে প্রত্যক্ষদর্শী হয়ে সাক্ষ্য দেয়ায় বৃদ্ধাকে কুপিয়ে হত্যার অভিযোগ উঠেছে। ঘটনাটি গতকাল সোমবার রাত ১০ টায় শিয়ালমারী ঘটেছে।

এঘটনায় অভিযুক্ত শিয়ালমারী গ্রামের জিন্নাহ আলীকে গ্রেফতার করেছে পুলিশ। নিহত বৃদ্ধা উপজেলার শিয়ালমারি গ্রামের উত্তরপাড়ার ফজলুর রহমানের স্ত্রী ঈশারন খাতুন। এছাড়াও আটককৃত ব্যক্তি একই গ্রামের মৃত শামসুদ্দিন মণ্ডলের ছেলে জিন্নাহ আলী।

ঘটনাটি নিশ্চিত করেছেন আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ।

এলাকাসূত্রে জানাযায়, আলমডাঙ্গার খাদিমপুর ইউনিয়নের শিয়ালমারী বানাতখাল মাঠে গত ১৩ এপ্রিল অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এতে প্রায় ৩’শ বিঘা জমির ভুট্টাখেতসহ পানের বরজ পুড়ে ভস্কিভুত হয়ে যায়। অভিযুক্ত জিন্নাহ আলী তার নিজের ভুট্টাখেতে আগুন দিলে সেই আগুনের সূত্রপাত থেকে চারিদিকে ছড়িয়ে পড়লে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

এতে ৩০০ বিঘা ভুট্টাক্ষেত সহ পান বোরজ পুড়ে যায়। ওই ঘটনার প্রত্যক্ষদর্শী হয়ে সাক্ষ্য দেন বৃদ্ধা ঈশারন খাতুন। এতে গ্রাম্য সালিশে জিন্নাহ আলীকে দুই লাখ টাকা জরিমানা করা হয়। এ ঘটনার জের ধরে গত সোমবার (২২ মে) রাতে ঈশারন খাতুনকে একা পেয়ে তার নিজ বাড়ির সামনে তাকে নির্মমভাবে এলোপাতাড়ি কুপিয়ে জখম করে জিন্নাহ।

বৃদ্ধার আত্নচিৎকারে প্রতিবেশীরা ছুটে এসে তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে ভর্তি করে। বৃদ্ধার শারীরিক অবস্থার অবনতি হওয়ায় রাতেই কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করে হাসপাতাল কতৃপক্ষ। বৃদ্ধা ঈশারনকে মঙ্গলবার সকালে উন্নত চিকিৎসার জন্য রাজশাহী নেবার সময় তার মৃত্যু হয়।

আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বিপ্লব কুমার নাথ

জানান, এ ঘটনার পর অভিযান চালিয়ে অভিযুক্ত জিন্নাহকে আটক করা হয়েছে। মরদেহ সদর হাসপাতালের মর্গে রয়েছে। এ ঘটনায় আইনগত বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।

দর্শনা সীমান্তে ভলিবল খেলায় বিজিবিকে হারিয়ে -বিএসএফ চাম্পিয়ান

দর্শনা আন্তজার্তিক জয়নগর সীমান্তে বিজিবি- বিএসএফের মধ্যে এক প্রীতি ভলিবল খেলা অনুষ্টিত হয়েছে।

জানাগেছে গতকাল সোমবার বেলা ৩ টার দিকে জয়নগর সীমান্তের ৭৭নং পিলালের ৫শ গজ বাংলাদেশের ভিতরে শৃন্য রেখায় এ ভলিবল প্রীতি ম্যাচটি অনুষ্টিত হয়। এ প্রীতি ভলিবল খেলায় বিএসএফ-২-১ ব্যাবধানে বিজিবিকে পরাজিত করে।

চুয়াডঙ্গা ৬ বিজিবির আমন্ত্রণে গতকাল সোমবার বেলা ৩ টায় দর্শনা সীমান্তের মেইন পিলালের ৭৬ /৭৭ নং দিয়ে বি এসএফের ১২ সদ্যস্যার ভলিবল দল অফিসার ১৩ সদস্যসহ বাংলাদেশে প্রবেশ করে।

এ সময় চুযাডাঙ্গা ৬ বিজিবির পক্ষে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ৬ বিজিবির পরিচালক সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান পি এস সি, মেডিক্যাল অফিসার খন্দকার আশিকুল আরেফিন, এডিসোনাল অফিসার শেখ মোঃ ইমরান আলী, দর্শনা কোম্পানী কমন্ডার জহির আহম্মেদ, দর্শনা আইসিপি কমান্ডার আব্দুল জলিল, বিওপি কমান্ডার আব্দুল জলিল বিওপি কমান্ডার মোজাম্মেল হক, এডমিন স্টাফ আবু নাসির, এডমিন স্টাফ আবুল কালাম আজাদ, মিনহাজ উদ্দীন, ডিনারুল ইসলাম, তমাল উদ্দীন, বিএসএফের ৫৪ ব্যাটেলিয়নের পক্ষে উপস্থিত ছিলেন, বি এসএফের সেকেন্ড ইন কমান্ড হার মেট শিং সানি, সেকন্ড অফিসার জগোদেব শিং, ডেপুটি কমান্ড সুনীল পায়েল, সহকারী কোম্পানী কমান্ডার শ্রী নোগেনদ্র পাল, সহকারী অফিসার শ্রী মহেশ, বিএসএফের ক্যাম কমান্ডার শ্রী মোজন্দার, মেডিকেল অফিসার বরুন কুমার, এ এস আই

শামীম, এডিএম স্টাফ জে মজুমদার, অফিস স্টাফ শ্রী প্রতাপ প্রমুখ।

খেলা শেষে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা ৬ বিজিবির পরিচালক সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান পি এস সি, বলেন প্রীতি ভলিবল খেলার মধ্য দিয়ে দুই বাহিনীর মধ্যে বিরাজমান সৌহাদ্যপূর্ণ সম্পর্ক আরো জোরদার হবে। খেলা শেষে দুই দেশের বাহীনীর মধ্যে ট্রফি তুলে দেন খেলোয়াড়দের মাঝে।

দর্শনায় ১হাজার পিস ইয়াবা ট্যাবলেটসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে দর্শনা রেল বাজার এলাকা থেকে ১ হাজার পিস ইয়াবা ট্যাবলেটসহ মারুফ হোসেন খন্দকার (৩৯) কে গ্রেফতার করেছে। সে কুমিল্লা জেলার কুমিল্লা সদর থানার লালবাগ খন্দকার গ্রামের মঈন উদ্দিন খন্দকারের ছেলে।

জানাগেছে গতকাল সোমবার রাত ৮ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা রেল বাজারের ইসলামী পন্য এন্ড ভ্যারাইটিজ স্টোরের সামনে।

এ সময় দর্শনা থানার এস আই আহম্মেদ আলী বিশ্বাস, এসআই শামিম রেজা, এএসআই সানোয়ার হোসেন, এএসআই মারুফুল ইসলাম এএসআই মাসুম বিল্যাহ্, এএসআই বশির উদ্দীন, এএসআই শেখ আবু হানিফ সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে

রিফাজ উদ্দীন এর দোকানের সামনে থেকে মারুফ হোসেন খন্দকারকে গ্রেফতার করে। পরে তার দেহ তল্লাশি করে কাগজে মোড়ানো প্যাকেটে ১ হাজার পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে।

গতকালই এস আই আহম্মেদ বিশ্বাস বাদি হয়ে মাদকদ্রব্য আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।